
# অনলাইনে নিরাপদে থাকুন

amazon future engineer



দুই সপ্তাহ আগে, আদিল তার জন্মদিনে তার প্রথম স্মার্টফোনটি পেয়েছিল... এবং সে এটা খুব পছন্দ করে! আপনি কি তার উপভোগ্য অনলাইন যাত্রায় যুক্ত হবেন এবং তাকে অনলাইন নিরাপত্তা এবং গোপনীয়তা সম্পর্কে জানতে সাহায্য করবেন?

আদিল ছত্তিশগড়ের রায়পুরে বাস করে এবং ক্লাস ৪ এ পড়াশোনা করে। 2024 সালে তার বয়স হয় 12 বছর! তার প্রিয় বিষয় হলো পদার্থবিদ্যা - এটা সবাই জানে! সে ফুটবল খেলতে ভালোবাসে। সে অনলাইনে কেনাকাটা করতে উপভোগ করে। এই সব কাজ তার ফোন দিয়ে হয় যা তার নখদর্পণে, সে জানে তার ফোন কিভাবে সুরক্ষিত রাখতে হবে, তাই সে একটি পাসওয়ার্ড সেট করার চেষ্টা করছে।

ফোনে পাসওয়ার্ডটি নিশ্চিত করে যে আপনার অনুমতি ছাড়া কেউ আপনার ফোন চেক করতে পারবে না। এটা খুবই অস্বস্তিকর যদি আপনার কাছের কেউ নয় এমন কেউ আপনার ছবি, ম্যাসেজ, কন্টাক্ট এবং আপনার সব গোপনীয়তা দেখে নেই, তাই নয় কি?!



## আপনি আদিলের পাসওয়ার্ডটি অনুমান করতে পারবেন?




আপনার পাসওয়ার্ডটি মনে রাখার জন্য যথেষ্ট সহজ হওয়া উচিত, কিন্তু যেন অন্য কারোর পক্ষে অনুমান করা কঠিন হয়! আদিলের পাসওয়ার্ডটি সহজ কারণ এটি তার সম্পর্কিত প্রাথমিক তথ্য দিয়ে অনুমান করা যায়।তাই এটি শক্তিশালী নয়!

# শক্তিশালী পাসওয়ার্ড সেট করা

amazon future engineer




## শক্তিশালী পাসওয়ার্ড-এর নির্দেশনা

**বড় হাতের এবং ছোট হাতের অক্ষর, সংখ্যা এবং বিশেষ চিহ্নের মিশ্রণ ব্যবহার করা।**

| ✗ | ✓ |
|---|---|
| shirtsatninetyniners | $hirts@৭৭Rs& |
| Forgot Password? | Forgot Password? |

**এটি বড় করা, ৪-12 অক্ষরের মধ্যে।**

| ✗ | ✓ |
|---|---|
| foot$ | |
| Forgot Password? | Forgot Password? |


**সাধারণ এবং সহজে অনুমান করা শব্দ ব্যবহার না করা।**

| ✗ | ✓ |
|---|---|
| adilraipur | h0lidaysandch0colat3 |
| Forgot Password? | Forgot Password? |

**আপনার জন্মদিন বা পোষা প্রাণীর নামের মতো সুস্পষ্ট ব্যক্তিগত তথ্য ব্যবহার করা এড়িয়ে চলা।**

| ✗ | ✓ |
|---|---|
| bruno2012 | dRjox76!$kL57 |
| Forgot Password? | Forgot Password? |





আপনি কি আপনার একটি অ্যাকাউন্টের জন্য একটি শক্তিশালী পাসওয়ার্ড তৈরি করতে এই একই নির্দেশনা ব্যবহার করতে পারেন?

### পরামর্শ!

বিভিন্ন অ্যাকাউন্ট বা প্ল্যাটফর্মের জন্য একই পাসওয়ার্ড ব্যবহার করবেন না। ফলে, কেউ যদি আপনার অ্যাকাউন্টগুলির একটিতে অ্যাক্সেস করতে পারে তবে তারা অন্য অ্যাকাউন্টগুলিতে লগ ইন করতে পারবে না! অতিরিক্ত সুরক্ষিত থাকতে ৩ মাসে অন্তত একবার আপনার পাসওয়ার্ডটি পরিবর্তন করুন।

# অনলাইন গোপনীয়তা

এখন আদিল তার সব অ্যাকাউন্টের জন্য শক্তিশালী পাসওয়ার্ড সেট করেছে, সে এখন নিরাপদ অনুভব করে। কিন্তু শক্তিশালী পাসওয়ার্ড কি তার সামগ্রিক অনলাইন নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করার জন্য যথেষ্ট হবে? তার অনলাইনে এবং অফলাইনে অভ্যাসগুলি একবার দেখুন: আপনি কি তার কোন পার্থক্য লক্ষ্য করেন? ইন্টারনেট ব্রাউজ করার সময় তার কি কিছু বিষয় মাথায় রাখা উচিত?

## আদিলের অফলাইন অভ্যাস



আদিল এবং তার বন্ধুরা বাড়িতে ব্যক্তিগত বিষয় নিয়ে আলোচনা করার জন্য অপেক্ষা করে যেন বাইরের কেউ শুনতে না পায়!



খেলার মাঠে কেউ যদি আদিলকে তার স্কুলের নাম বা ঠিকানা জিজ্ঞেস করে, তবে সে বিনয়ের সাথে শেয়ার করতে অস্বীকার করে।



যদি স্কুলের ফর্মে অভিভাবকদের ব্যাঙ্কের তথ্য দিতে বলে, তবে কেন এটি প্রয়োজন তা তিনি সর্বদা চেক করেন এবং কখনই কোড/পাসওয়ার্ড শেয়ার করেন না।




চিঠি বা কোন প্যাকেজ খোলার আগে, তিনি নিশ্চিত করেন যে প্রেরক বৈধ ও নিরাপদ কিনা এবং তারা কীভাবে তার ঠিকানা জানে।

## আদিলের অনলাইন অভ্যাস



এটি কে দেখতে পাবে আদিল তা যাচাই না করেই কমেন্টে ব্যক্তিগত তথ্য নিয়ে আলোচনা করে।



আদিল তার পোস্টে তার লোকেশন ট্যাগ করে এবং অনলাইনে তার লোকেশন প্রায়শই শেয়ার করে।



নতুন এবং অপরিচিত ওয়েবসাইটের জন্য সাইন আপ করার সময়, এখানে চাওয়া সব বিবরণ শেয়ার করেন।



তিনি অজানা লিঙ্কগুলিতে অবাধে ক্লিক করেন, তিনি বিশ্বাস করেন যে লিঙ্কগুলি তাকে সর্বদাই এমন জায়গায় নিয়ে যায় যেখানে তিনি আরও উত্তেজনাপূর্ণ জিনিস খুঁজে পেতে পারেন

# অনলাইন গোপনীয়তা

গোপনীয়তা মানে আপনার সম্পর্কে কে জানবে তার উপর নিয়ন্ত্রণ রাখা। যাইহোক, আমরা যেমন আমাদের লোকেশন বা ব্যক্তিগত গল্প অফলাইনে কারো সাথে শেয়ার না করার ব্যাপারে সতর্ক থাকি, তেমনি অনলাইনেও আপনার গোপনীয়তা বজায় রাখা এবং গোপনীয়তা বাড়ানো আপনাকে সুরক্ষিত রাখতে সাহায্য করতে পারে। তথ্য সুরক্ষিত করতে শেখার মাধ্যমে আদিলকে তার অনলাইন জীবনে তার অফলাইনের নিরাপত্তা এবং গোপনীয়তার অভ্যাস কাজে লাগাতে সাহায্য করুন।

## অনলাইনে চাওয়া করা তথ্যগুলির ধরণ [2,3]



ব্যক্তিগত - সেইসব তথ্য যা অপরিচিতদের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একজন ব্যক্তিকে শনাক্ত করতে সাহায্য করতে পারে - যেমন আপনার নাম!

অনলাইনে শেয়ার করা এড়িয়ে চলুন, বিশেষ করে অজানা/অযাচাই করা প্ল্যাটফর্মগুলোতে, কারণ এটি আপনার ক্ষতির কারণ হতে পারে।



সংবেদনশীল ব্যক্তিগত - সেইসব ব্যক্তিগত তথ্য যা অপব্যবহৃত হওয়ার অতিরিক্ত ঝুঁকি থাকে এবং কারণ এটি অন্যান্য গুরুত্বপূর্ণ জিনিসকে লক করে - যেমন আপনারস্বাক্ষর!

অনলাইনে অন্যদের সাথে শেয়ার করবেন না!*



অ-ব্যক্তিগত - সেইসব তথ্য যা বিশেষভাবে একজন ব্যক্তিকে পৃথকভাবে শনাক্ত করতে ব্যবহার করা যায় না - যেমন পছন্দের রঙের!

আপনার স্বাচ্ছন্দ্যের উপর নির্ভর করে ব্যক্তিগত তথ্য ছাড়াই শেয়ার করা যেতে পারে।

*আপনাকে যদি নেটব্যাঙ্কিং, কেনাকাটা বা সরকারী পোর্টাল ইত্যাদি অনলাইন সেবাগুলির জন্য সংবেদনশীল তথ্য জমা দিতে হয় তাহলে শুধুমাত্র অফিসিয়াল এবং পরীক্ষিত ওয়েবসাইট ব্যবহার করুন এবং কর্তৃপক্ষের সাথে কথা বলুন!

নীচে আদিল সম্পর্কে তথ্যের একটি তালিকা আছে। মানসিকভাবে প্রত্যেকটি সঠিক বিভাগে রাখুন: ব্যক্তিগত, অ-ব্যক্তিগত এবং সংবেদনশীল ব্যক্তিগত!

নাম

আঙুলের ছাপ

স্কুলের নাম

রিভিউ এবং প্রতিক্রিয়া

সাধারণ শখ

বয়স

পাসওয়ার্ড

বাড়ির ঠিকানা

ই-মেইল ঠিকানা

ব্যাঙ্কের বিবরণ




1.San José Public Library.Toolkit: What is Online Privacy? www.sjpl.org/toolkit-what-online-privacy/.
2. Security Intelligence (IBM Security) (2023, July). Personal Data vs. Sensitive Data: What's the difference. www.securityintelligence.com/posts/personal-data-vs-sensitive-data-what-is-the-difference/
3. Aashish Aryan (2020, July). Explained: What is non-personal data? Indian Express. https://indianexpress.com/article/explained/non-personal-data-explained-6506613/.

# নিরাপত্তা টুলকিট!

amazon future engineer



আপনাকে অভিনন্দন! আদিলকে অনলাইন নিরাপত্তা এবং গোপনীয়তার কৌশল আয়ত্ত করতে আপনি সাহায্য করেছেন। পুরষ্কার হিসাবে এখানে একটি বিশেষ ব্যাকপ্যাক আছে... এতে সব ধরণের দুর্দান্ত টুলস আছে যা আপনাকে এবং আদিলকে অনলাইনে অতিরিক্ত নিরাপদ রাখবে! সেগুলো কি দেখতে চান?



## দ্বৈত প্রতিরক্ষা

আপনার অ্যাকাউন্টটিতে একটি অতিরিক্ত লক সেট আপ করতে 2 ফ্যাক্টর প্রমাণীকরণ ব্যবহার করুন! এটি নিশ্চিত করে যে কেউ আপনার পাসওয়ার্ড অনুমান করলেও, প্রবেশ করার জন্য তাদের অবশ্যই দ্বিতীয় কোডের প্রয়োজন হবে। অ্যাকাউন্টের সেটিংসে গোপনীয়তা এবং নিরাপত্তার অধীনে এটি খুঁজে পেতে পারেন।



## সাইট চেকার

আপনি একটি নিরাপদ ও বিশ্বস্ত ওয়েবসাইটে আছেন তা সাবধানে নিশ্চিত করতে এই নির্দেশিকাগুলি ব্যবহার করুন।

>আপনি ব্রাউজারে যেখানে টাইন করেন সেখানে ওয়েবসাইটের লিঙ্কটি চেক করুন, নিশ্চিত করুন যে এটি “https” দিয়ে শুরু কিনা

> নিশ্চিত করুন যে লিঙ্কটির নাম “.com” “.org” “.gov” বা “.edu.in” দিয়ে শেষ হয়েছে কিনা - এগুলো হল স্ট্যান্ডার্ড নাম

> ওয়েবসাইট বিস্তারিত দেখুন - বিশেষ করে এবাউট বিভাগ - এটি কে তৈরি করেছে এবং এটি কীভাবে ডিজাইন করা হয়েছে তা বোঝার জন্য।



## লিঙ্ক শিল্ড

এখানে কিছু নির্দেশিনা আছে যা আপনাকে অজানা বা সন্দেহজনক লিঙ্ক থেকে দূরে থাকতে সাহায্য করবে - শুধু সেগুলিতে ক্লিক করবেন না! আপনি যদি একটি অপ্রত্যাশিত উৎস থেকে একটি লিঙ্ক পান, যা ভুল, বানানে ত্রুটি আছে বা একটি প্রলোভন বার্তো আছে তাহলে দূরে থাকুন... মাঝেমাঝে অজানা লিঙ্কগুলি আপনার তথ্য চুরি করতে পারে বা আপনার ডিভাইসে ক্ষতিকারক ভাইরাস ডাউনলোড করতে পারে।



## গোপনীয়তা বন্ধু

আপনি জানেন কি? বেশিরভাগ ম্যাসেজিং, গেমিং এবং সামাজিক মাধ্যম প্ল্যাটফর্মগুলোতে অন্যদের থেকে আপনার প্রোফাইল লুকিয়ে রাখা এবং আপনি যা পোস্ট করেন তা কে দেখতে পারে তা নিয়ন্ত্রণ করার সুযোগ আছে! এমনকি আপনি নিয়ন্ত্রণ করতে পারেন কে আপনাকে ম্যাসেজ পাঠাতে পারবে এবং আপনার অ্যাকাউন্ট সেটিংসের গোপনীয়তা বিভাগের অধীনে বিকল্পগুলি বেছে নিয়ে আপনি অতিরিক্ত নিরাপদ থাকতে পারেন!

# উত্তর কী

## আপনি কি আদিলের পাসওয়ার্ড অনুমান করতে পারবেন?

P_ A_ S_ S _W _O _R _D

F_ O_ O_ T _B _A _L _L

2_ 0_ 1_ 2

1_ 2_ 3_ 4 _5



## অনলাইন গোপনীয়তা

| ব্যক্তিগত | অ-ব্যক্তিগত | সংবেদনশীল ব্যক্তিগত |
|---|---|---|
| নাম | রিভিউ এবং প্রতিক্রিয়া | পাসওয়ার্ড |
| বয়স | সাধারণ শখ | আঙুলের ছাপ |
| স্কুলের নাম | | ব্যাঙ্কের বিবরণ |
| | | বাড়ির ঠিকানা |
| | | ই-মেইল ঠিকানা |







# নিরাপত্তা টুলকিট!

amazon future engineer



আপনাকে অভিনন্দন! আদিলকে অনলাইন নিরাপত্তা এবং গোপনীয়তার কৌশল আয়ত্ত করতে আপনি সাহায্য করেছেন। পুরস্কার হিসাবে এখানে একটি বিশেষ ব্যাকপ্যাক আছে... এতে সব ধরণের দুর্দান্ত টুলস আছে যা আপনাকে এবং আদিলকে অনলাইনে অতিরিক্ত নিরাপদ রাখবে! সেগুলো কি দেখতে চান?

আপনি একটি পুরস্কার জিতেছেন! ধনী হয়ে যান!!! এখন এটি পেতে এখানে ক্লিক করুন! linknumberxyz.com



কেউ আপনার অ্যাকাউন্টটি হ্যাক করার চেষ্টা করেছে। এটি শীঘ্রই লক করা হবে। OTP সহ এই লিঙ্কে এসে এটি যাচাই করুন।

জরুরী: কেউ আপনাকে একটি উপহার কার্ড পাঠিয়েছে! এটি পেতে আপনার আধার নম্বর সহ উত্তর দিন।



## দ্বৈত প্রতিরক্ষা

আপনার অ্যাকাউন্টটিতে একটি অতিরিক্ত লক সেট আপ করতে 2 ফ্যাক্টর প্রমাণীকরণ ব্যবহার করুন! এটি নিশ্চিত করে যে কেউ আপনার পাসওয়ার্ড অনুমান করলেও, প্রবেশ করার জন্য তাদের অবশ্যই দ্বিতীয় কোডের প্রয়োজন হবে। অ্যাকাউন্টের সেটিংসে গোপনীয়তা এবং নিরাপত্তার অধীনে এটি খুঁজে পেতে পারেন।



## সাইট চেকার

আপনি একটি নিরাপদ ও বিশ্বস্ত ওয়েবসাইটে আছেন তা সাবধানে নিশ্চিত করতে এই নির্দেশিকাগুলি ব্যবহার করুন।

>আপনি ব্রাউজারে যেখানে টাইপ করেন সেখানে ওয়েবসাইটের লিঙ্কটি চেক করুন, নিশ্চিত করুন যে এটি "https" দিয়ে শুরু কিনা

> নিশ্চিত করুন যে লিঙ্কটির নাম ".com" ".org" ".gov" বা ".edu.in" দিয়ে শেষ হয়েছে কিনা - এগুলো হল স্ট্যান্ডার্ড নাম

> ওয়েবসাইট বিস্তারিত দেখুন - বিশেষ করে এবাউট বিভাগ - এটি কে তৈরি করেছে এবং এটি কীভাবে ডিজাইন করা হয়েছে তা বোঝার জন্য।



## লিঙ্ক শিল্ড

এখানে কিছু নির্দেশিনা আছে যা আপনাকে অজানা বা সন্দেহজনক লিঙ্ক থেকে দূরে থাকতে সাহায্য করবে - শুধু সেগুলিতে ক্লিক করবেন না! আপনি যদি একটি অপ্রত্যাশিত উৎস থেকে একটি লিঙ্ক পান, যা ভুল, বানানে ত্রুটি আছে বা একটি প্রলোভন বার্তা আছে তাহলে দূরে থাকুন... মাঝেমাঝে অজানা লিঙ্কগুলি আপনার তথ্য চুরি করতে পারে বা আপনার ডিভাইসে ক্ষতিকারক ভাইরাস ডাউনলোড করতে পারে।



## গোপনীয়তা বন্ধু

আপনি জানেন কি? বেশিরভাগ ম্যাসেজিং, গেমিং এবং সামাজিক মাধ্যম প্ল্যাটফর্মগুলোতে অন্যদের থেকে আপনার প্রোফাইল লুকিয়ে রাখা এবং আপনি যা পোস্ট করেন তা কে দেখতে পারে তা নিয়ন্ত্রণ করার সুযোগ আছে! এমনকি আপনি নিয়ন্ত্রণ করতে পারেন কে আপনাকে ম্যাসেজ পাঠাতে পারবে এবং আপনার অ্যাকাউন্ট সেটিংসের গোপনীয়তা বিভাগের অধীনে বিকল্পগুলি বেছে নিয়ে আপনি অতিরিক্ত নিরাপদ থাকতে পারেন!